# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 AUGUST 2025** **7:45—7:55 PM**

---

১) আই আই এম গৌহাটীকে জাতীয় গুরুত্বের প্রতিষ্ঠানসমূহের সূচীতে অর্ন্তভুক্ত করার উদ্দেশ্যে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের আজ লোকসভায় ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান সংশোধনী বিল-২০২৫ উত্থাপন ।

২) বিদ্যালয়গুলিতে শিক্ষার্থীদের নিরাপত্তার ক্ষেত্রে শূণ্য সহনশীলতার নীতি অবলম্বন করা হবে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরীর প্রকাশ ।

৩) উরিয়ামঘাটে দ্বিতীয় পর্যায়ের উচ্ছেদ অভিযানে নাগালেন্ডের একাংশ লোকের বাধা ।

এবং

৪) শিলচরের বিসর্জনঘাটে প্রতিমা নিরঞ্জনে দূর্ঘটনা প্রতিরোধে পৌরনিগম আয়ুক্তের কঠোর নির্দেশ জারী ।

---

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ লোকসভায় ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান সংশোধী বিল-২০২৫ উত্থাপন করেন । ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান ( আই আই এম ) গৌহাটীকে জাতীয় গুরুত্বের প্রতিষ্ঠানসমূহের সূচীতে অর্ন্তভুক্ত করার উদ্দেশ্যে এই বিলটি উত্থাপন করা হয়েছে ।
আগেই জানানো হয়েছে যে কেন্দ্রীয় মন্ত্রীসভা গৌহাটীতে আই আই এম স্থাপনের জন্য গত ১২ আগস্ট অনুমোদন জানিয়েছে । এই প্রতিষ্ঠানটি উত্তর-পূর্বের দ্বিতীয় এবং দেশের ২২ তম আই আই এম হিসেবে পরিগণিত হবে । এই প্রতিষ্ঠানটি নির্মাণে

৫০০ কোটি টাকারও অধিক অর্থ ব্যয় করা হবে বলে সূত্রে জানানো হয়েছে । এই পদক্ষেপ গৌহাটীকে উত্তর-পূর্বে শিক্ষার প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শিক্ষা দপ্তরের প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী বলেছেন  যে বিদ্যালয়গুলিতে শিক্ষার্থীদের নিরাপত্তার ক্ষেত্রে শূণ্য সহনশীলতার নীতি অবলম্বন করা হবে । লোকসভার প্রশ্নকালে একটি পরিপূরক প্রশ্নের উত্তরে শ্রী চৌধুরী বলেন যে এ সম্পর্কে বিভিন্ন সময়ে বিদ্যালয় পর্ষদসমূহ ,রাজ্য তথা কেন্দ্রীয় শাসিত অঞ্চলসমূহকে নির্দেশ দেওয়া হয় । সম্প্রতি শিক্ষার্থীদের নিরাপত্তা সম্পর্কে শিক্ষা মন্ত্রনালয় রাজ্য তথা কেন্দ্রীয়শাসিত অঞ্চলসমূহকে পত্র প্রেরণ করেছে বলেও মন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------------------

মহারাষ্ট্রের রাজ্যপাল সি পি রাধাকৃষ্ণনকে আসন্ন উপরাষ্ট্রপতি নির্বাচনের জন্য এন ডি এ’র প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে ।বিজেপির জাতীয় সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা গতকাল নতুনদিল্লীতে বিজেপির মুখ্য কার্যালয়ে দলের সংসদীয় পরিষদের বৈঠকের পর সাংবাদিকদের একথা জানান । তিনি বলেন যে এন ডি এ’র সব সদস্য এই সিদ্ধান্তকে সমর্থন জানিয়েছে । শ্রী নাড্ডা আরো বলেন যে উপরাষ্ট্রপতি নির্বাচন সুনিশ্চিত করার জন্য বিজেপি সব দলের সঙ্গে সমন্বয় রক্ষা করার প্রয়াস করছে ।বিগত সপ্তাহে এন ডি এর সহযোগী দল এবং বিরোধী দলগুলোর সঙ্গে এই সম্পর্কে যোগাযোগ করা হয়েছিল বলে তিনি জানান ।বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং উপস্থিত ছিলেন । এদিকে প্রধানমন্ত্রী শ্রী মোদী সি পি রাধাকৃষ্ণনকে উপরাষ্ট্রপতি পদের প্রার্থী হিসেবে মনোনীত করার এন ডি এর সিদ্ধান্তকে স্বাগত জানান ।

---------------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার পদ্মশ্রী সম্মানে ভূষিত বিশিষ্ট অস্থিরোগ বিশেষজ্ঞ ডা: বি কে এস সঞ্জয়কে এইমস গৌহাটীর অধ্যক্ষ হিসেবে মনোনীত করেছে । ডা:সঞ্জয় একজন অস্থিরোগ বিশেষজ্ঞ  ছাড়াও গবেষক , শিক্ষাবিদ ,লেখক ,সুবক্তা ,কবি ও সমাজকর্মী হিসেবেও খ্যাতি অর্জন করেছেন । বেশ কয়েকটি জটিল অস্ত্রোপচার , চিকিৎসা বিষয়ক গবেষণা এবং সামাজিক ক্ষেত্রে কৃতিত্বের জন্য তাঁর নাম গিনিজ বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডেও অর্ন্তভুক্ত হয়েছে । উল্লেখ্য দেশের চিকিৎসা ,শিক্ষা ও গবেষনার ক্ষেত্রে এইমস অগ্রণী প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হয়েছে । ২০১৭ সালের ২৬ মে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভিত্তি প্রস্তর স্থাপন করা এইমস গৌহাটী উত্তর-পূর্বাঞ্চলের জনসাধারণকে গুণগত

মান সম্পন্ন স্বাস্থ্য সেবা এবং চিকিৎসা সেবা ছাড়াও শিক্ষার্থীদের গবেষণার সুযোগ সুবিধা প্রদান করবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম -নাগালেন্ড  সীমান্তের উরিয়ামঘাটে জেলা প্রশাসন  ও বনবিভাগ আজ পাঁচটি গ্রামে দ্বিতীয় পর্যায়ের উচ্ছেদ অভিযান আরম্ভ করলেও নাগালেন্ডের একাংশ লোক বাধা প্রদান করার জন্য এই অভিযান বিঘ্নিত হয় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে এই অভিযান আরম্ভ করার পর প্রতিবেশী রাজ্যের একাংশ লোক বাধা দেবার ফলে সৃষ্টি হওয়া পরিস্থিতির পরিপ্রেক্ষিতে নাগালেন্ড প্রশাসনের সঙ্গে আলোচনার পর সাময়িকভাবে এই অভিযান বন্ধ রাখা হয় । পরবর্তী পর্যায়ে উভয় রাজ্যের সীমান্ত জেলা আয়ুক্তদের মধ্যে আলোচনা অনুষ্ঠিত হবে বলে জানা গেছে ।

---------------------------------------------------------------------------------------

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে যাত্রীদের সুবিধা এবং পরিচালনা দক্ষতা বৃদ্ধি করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছে ।টিকিট কাউন্টারে ভীর হ্রাস করতে ৬৯ টি স্টেশনে ১৪৫ টি স্বয়ংক্রিয় টিকিট ভেন্ডিং মেশিন ( এ টি ভি এম ) স্থাপন করা হচ্ছে ।এর মাধ্যমে যাত্রীরা স্মার্টকার্ড বা কিউআর কোড ব্যবহার করে অসংরক্ষিত টিকিট কিনতে পারবেন ।এছাড়া চারটি নতুন রেল পরিষেবা চালু করা সহ শিলচর - মহিষাসন প্যাসেঞ্জারের ফ্রিকোয়েন্সি সপ্তাহে ছয়দিন বৃদ্ধি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং আজ এক বিজ্ঞপ্তীতে শিলচর সদরঘাটে প্রতিমা বিসর্জনে দূর্ঘটনা প্রতিরোধে কিছু বিধি নিষেধ জারী করেছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে প্রতিদিন সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত প্রতিমা বিসর্জন করা যাবে । রাতের বেলায় প্রতিমা নিরঞ্জনের উপর সম্পূর্ন নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । তবে দূর্গাপূজা ও কালী পূজার ক্ষেত্রে পৌর কর্তৃপক্ষ বিশেষ ব্যবস্থা গ্রহন করবে । এছাড়া প্রতিটি প্রতিমা নিরঞ্জনের আগে পৌর নিগম থেকে আগাম অনুমতি নিতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর স্পোর্টিং ক্লাবের পক্ষ থেকে আজ গুরুচরন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক নিরঞ্জন রায়কে সংবর্ধনা জানানো হয়েছে । সংস্থার সভাপতি ডক্টর অনুপ কুমার রায় , সহ-সভাপতি বাবুল হোড় ও নির্মল দাস প্রমূখ উপাচার্য্য ডক্টর রায়কে উত্তরীয় , পুষ্পস্তবক ও স্মারক সম্মাননা প্রদান করা হয় ।

---------------------------------------------------------------------------------------

শিলচর লোক নির্মান বিভাগের সহকারী কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে মূখ্যমন্ত্রীর নগর পাকাপথ নির্মান প্রকল্পে শিলচর পঞ্চায়েত রোড ও কমলা রোডে আজ রাত ১১টা থেকে সকাল ৬টা পর্য্যন্ত উভয় সড়কে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত এই নিয়ম কার্য্যকর থাকবে বলে জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলা তথ্য ও জনসংযোগ কার্যালয়ের চর্তুথ শ্রেণীর কর্মী আশুতোষ দাসকে আজ বিদায় সংবর্ধনা জানানো হয়েছে । জেলা তথ্য ও জনসংযোগ আধিকারিক ইফতিকার জামান উত্তরীয় পড়িয়ে এবং উপহার সামগ্রী তুলে দিয়ে শ্রীদাসের অবসর জীবনে সুস্বাস্থ্য ও সমৃদ্ধি কামনা করেন । উল্লেখ্য আশুতোষ দাস দীর্ঘ ৩৫ বছর তথ্য ও জনসংযোগ বিভাগে নিষ্ঠার সঙ্গে কাজ করে গত ৩১শে জুলাই অবসর গ্রহন করেন ।

---

রাজ্য সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ সঞ্চালকালয়ের উদ্যোগে আজ থেকে গুয়াহাটী ও সোণাপুরে পিলিক চৌধুরী ১৫ বছর অনুর্দ্ধ ছেলেদের আন্তঃজেলা স্কুল ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছে ।প্রতিযোগিতার আজ প্রথম দিনে মোট ১২ টি খেলা অনুষ্ঠিত হয়েছে ।এদিকে আজ গুয়াহাটী নেহেরু ষ্টেডিয়ামে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগের সহ সঞ্চালক নব বসুমাতারী , প্রাক্তন জাতীয় ভলিবল খেলোয়াড় অম্বা শইকিয়া এবং আসাম সেপাকটাক্র সংস্থার সম্পাদক বিষ্ণুরাম নুনিসা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ব্রাইট স্টার ক্লাব ৮-০ গোলের ব্যবধানে কর্কট এফ সি-কে পরাজিত করেছে ।

বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় এল এইচ স্পোর্টিং নর্থ হাওয়াইথাং , ডিক্রো হসম শেওরাতলের মূখোমূখি হবে ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় এভারেষ্ট ক্লাব ১-০ গোলে ইয়ুথ

ব্লোমিং ক্লাবকে পরাজিত করেছে । পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় লেনরুল এফ সি খেলবে রাইজিং ক্লাবের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------------